**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**

**Date:26-08-2024 Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Flood,ED :**

রাজ্যে সাম্প্রতিক বন্যায় শিক্ষা দপ্তরের প্রায় ১১ কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। তবে অমরপুর এবং দক্ষিণ জেলা থেকে এখন পর্যন্ত ক্ষয়ক্ষতির পরিমান পাওয়া যায়নি। গতকাল মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে বিদ্যালয় শিক্ষা দপ্তরের অধিকর্তা এন সি শর্মা এই সংবাদ জানান। তিনি জানান, প্রাথমিক তথ্য অনুযায়ী ২০৯টি স্কুল বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে।

সাতচাঁদ ব্লকের জগৎরাম পাড়া এসবি স্কুল এবং ভারতচন্দ্র নগর ব্লকের বনন্তপাড়া জেবি স্কুল ভূমিধসের ফলে সম্পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি জানান, বন্যায় রাজ্যের ২৩৯টি স্কুলে ত্রাণ শিবির খোলা হয়েছে। প্রায় ১২ হাজার শিক্ষার্থীর বইপত্র নষ্ট হয়েছে। কিছু কিছু স্কুলে এখনো ত্রাণ শিবির চালু রয়েছে। রাজ্য সরকারের সিদ্ধান্তের উপরই পুনরায় স্কুল খোলার বিষয়টি জানানো হবে। তবে বন্যা কবলিত এলাকার স্কুলগুলিতে পরিস্কার পরিচ্ছন্ন এবং জীবাণুমুক্ত করার পরেই স্কুলগুলি খোলা হবে। এসসিআরটি'র অধিকর্তা এল দারলং জানান, বন্যায় যে সমস্ত পড়ুয়াদের বই পত্র নষ্ট হয়েছে তাদের জন্য আজ থেকে বই পাঠানো শুরু হবে।

সাংবাদিক সম্মেলনে উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা জানান, গত ২২ তারিখ থেকে সমস্ত সরকারি ও বেসরকারী ডিগ্রী কলেজ ও কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান পুনরাদেশ না দেওয়া পর্যন্ত বন্ধ রাখা হয়েছে। আইনের প্রবেশিকা পরীক্ষা স্থগিত রাখা হয়েছে। ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের সেমিস্টার পরীক্ষা স্থগিত রাখতে অনুরোধ করা হয়েছে। অতি বৃষ্টির কারণে বিলোনীয়ার ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর কলেজ কিছুটা ক্ষতিগ্রস্ত হয়েছে। বগাফা পাবলিক লাইব্রেরির আসবাব এবং প্রায় ৭ হাজার বই মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে বলে এখন পর্যন্ত জানা গেছে। ধর্মনগর সরকারী ডিগ্রী কলেজে ও কৈলাশহরে রামকৃষ্ণ মহাবিদ্যালয়ে ত্রাণ শিবির খোলা হয়েছে।

***********************

**Unified Pension Scheme :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন কেন্দ্রীয় মন্ত্রিসভা গত শণিবার কেন্দ্রীয় সরকারী কর্মচারীদের জন্য অভিন্ন পেনশন প্রকল্প অর্থাৎ ইউনিফায়েড পেনশন স্কীমের অনুমোদন দেয় ।

এই প্রকল্প অনুযায়ী ন্যূনতম ২৫ বছরের চাকরির পর অবসর গ্রহণের আগে শেষ ১২ মাসের গড় মূল বেতনের ৫০ শতাংশ পেনশন হিসেবে ধার্য হবে। তবে, ন্যূনতম ১০ বছর ও তার বেশি অথচ ২৫ বছরের কম কার্যকালের মেয়াদে পেনশনের হার ধার্য হবে আনুপাতিক হারে।

পেনশন গ্রহীতার মৃত্যুর ঠিক আগের পেনশনের ৬০ শতাংশ পারিবারিক পেনশন হিসেবে দেয়া হবে।

ন্যূনতম ১০ বছর চাকরির পর অবসর গ্রহণ করলে ন্যূনতম পেনশনের হার হবে প্রতি মাসে ১০ হাজার টাকা।

মুদ্রাস্ফীতি মোকাবিলায় সর্বভারতীয় ভোক্তামূল্য সূচক অনুযায়ী মহার্ঘ ত্রাণ দেওয়া হবে।

অবসর গ্রহণকালে গ্র্যাচুইটি ছাড়াও, চাকরির মেয়াদকালে প্রতি ৬ মাসের হিসাব করে মোট মাসিক বেতনের ১০ ভাগের ১ ভাগ থোক সহায়তা হিসেবে দেওয়া হবে।

এই পেনশন প্রকল্প সম্পর্কে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা বলেন।...... (Byte) K K Sharma.......

***********************

**Janmasthami-1 :**

ভগবান শ্রী কৃষ্ণের শুভ আবির্ভাব তিথি জন্মাষ্টমী আজ সারা দেশ জুড়ে উদযাপিত হচ্ছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখর, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জন্মাষ্টমী উপলক্ষে সমস্ত নাগরিককে শুভেচ্ছা জানিয়েছেন। একটি বার্তায় তিনি বলেন, এই উৎসব ধর্মের চিরন্তন মূল্যবোধ, মন্দের ওপর ভালোর জয় এবং সত্য ও সহানুভূতিতে নিহিত জীবন পরিচালনার গুরুত্বের স্মারক। শ্রী ধনখর সবাইকে ন্যায়ের পথে চলার এবং সকলের কল্যাণের জন্য কাজ করার অঙ্গীকার করার আবেদন জানান।

************************

**Janmasthami - 2:**

রাজ্যেও আজ চিরাচরিত ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে জন্মাষ্টমী ব্রত উৎসব পালন করা হচ্ছে । এই উপলক্ষে গতকাল আগরতলার পূর্বাশা প্রাঙ্গনে ইসকন মন্দিরের উদ্যোগে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। রাতে অভিষেক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। গতকাল এ উপলক্ষে ইসকনের উদ্যোগে শিশুদের জন্য বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। তিথি অনুযায়ী আগরতলার জগন্নাথ জিউ মন্দিরে আগামীকাল জন্মাষ্টমী ব্রত উৎসব পালন করা হবে ।

জন্মাষ্টমী উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, ভগবান শ্রীকৃষ্ণের শিক্ষা আমাদেরকে সততা, দয়া ও সম্প্রীতির বন্ধনে আবদ্ধ হয়ে গীতায় বর্ণিত নিষ্কাম কর্মের মনোভাব নিয়ে সকলকে জীবনের চলার পথে এগিয়ে যাওয়ার কথা শেখায়।

*************************

**Maan ki baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, মহাকাশ ক্ষেত্রের সংস্কারের ফলে দেশের যুব সমাজ অনেক উপকৃত হয়েছে। গতকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, গত ২৩শে আগস্ট দেশবাসী প্রথম জাতীয় মহাকাশ দিবস উদযাপন করেছে এবং চন্দ্রযান-৩ –এর সাফল্য পালন করেছে। চলতি বছর লালকেল্লা থেকে তিনি রাজনৈতিক প্রেক্ষিত বিহীন এক লক্ষ যুবক-যুবতীকে রাজনৈতিক অঙ্গনে প্রবেশের যে আহ্বান জানিয়েছিলেন, তাতে বিপুল সাড়া পাওয়া গেছে বলে তিনি জনান। হর ঘর তিরঙ্গা প্রসঙ্গে তিনি বলেন, সারা দেশে স্বাধীনতা দিবস উদযাপন এখন সামাজিক উৎসবে পরিনত হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উল্লেখ করেন, আসামের তিনসুখিয়া জেলার বারেকুড়ি গ্রামের বাসিন্দারা উল্লুক বানর জাতীয় বন্যপ্রাণী রক্ষার ব্যতিক্রমী পদক্ষেপ গ্রহণ করেছেন, অন্যদিকে অরুনাচল প্রদেশের বন্যপ্রাণীদের সিং ও দাঁত শিকারীদের হাত থেকে রক্ষার জন্য থ্রি-ডি মুদ্রণ প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে। শ্রী মোদী জানান, আগামী কিছুদিনের মধ্যে প্যারিসে দিব্যাঙ্গদের প্যারা-অলিম্পিক শুরু হবে। তাতে যোগদানকারী ভারতীয় খেলোয়ারদের উৎসাহিত করতে প্রধানমন্ত্রী দেশবাসীকে অনুরোধ জানিয়েছেন।

তিনি জনগনকে বেশি করে গাছ লাগানোর অনুরোধ জানান ।

******************

**RAKHAL SHEILD :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড ঘরোয়া নকআউট ফুটবল প্রতিযোগিতার ফাইনালে আজ এগিয়ে চলো সংঘ ও রামকৃষ্ণ ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে সন্ধ্যা ছয়টায় এই ম্যাচ শুরু হবে। খেলার শেষে চ্যাম্পিয়ন ও রানার্স দলকে শিল্ড ও প্রাইজমানি তুলে দেয়া হবে। আসরের চ্যাম্পিয়ন দল ৬০ হাজার টাকা ও রানার্স দল ৪০ হাজার টাকা প্রাইজমানি পাবে। এছাড়া এই ম্যাচের টিকিট বিক্রি থেকে সংগৃহীত অর্থ পুরোটাই রাজ্যের সাম্প্রতিক বন্যায়

ক্ষতিগ্রস্ত ও দুর্গতদের জন্য মুখ্যমন্ত্রীর ত্রান তহবিলে দেয়া হবে বলে টিএফএ সিদ্ধান্ত নিয়েছে।

**********************

**WEATHER :**

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আজ আকাশ সাধারণত: মেঘাচ্ছন্ন থাকবে । আজকের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩১ ডিগ্রী সেলসিয়াস । আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৪ ডিগ্রী সেলসিয়াস । আবহাওয়ার সতর্কবার্তায় বলা হয়েছে, দক্ষিন জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে ।

*****************

******************